# যাত্রাবাড়ীতে বিস্ফোরণে একই পরিবারের ৪ জন দগ্ধ, অবস্থা গুরুতর




সংগৃহীত ছবি

রাজধানীর যাত্রাবাড়ীতে এক বাসায় এসি বিস্ফোরণের ঘটনা ঘটে। একই পরিবারের চারজন দগ্ধ হয়েছেন এবং তাদের জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে ভর্তি করা হয়েছে। চিকিৎসকরা তাদের অবস্থা গুরুতর বলে জানিয়েছেন।

শুক্রবার (১৯ সেপ্টেম্বর) রাত দেড়টার দিকে যাত্রাবাড়ীর ধলপুর বউবাজার লিচুবাগান মসজিদের পাশে একটি ভবনের ৭ম তলায় এই দুর্ঘটনা ঘটে।

দগ্ধরা হলেন মো. তুহিন হোসেন (৩৮), তার স্ত্রী ইবা আক্তার (৩০), এবং দুই ছেলে তাওহীদ (৭) ও তানভীর (৯)। মো. তুহিন হোসেন মোতালেব প্লাজায় মোবাইল সার্ভিসিংয়ে কর্মরত। পরিবারটি মাদারীপুর সদর উপজেলার বাসিন্দা।

প্রাথমিকভাবে জানা গেছে, রাতের সময় পরিবারের সদস্যরা ঘুমাচ্ছিলেন। হঠাৎ এসি বিস্ফোরিত হলে ঘরে আগুন ধরে যায়। আশপাশের ভাড়াটিয়ারা দ্রুত আগুন নিয়ন্ত্রণে আনে এবং চারজনকে রাতেই জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে ভর্তি করা হয়। চিকিৎসকরা জানিয়েছেন, তাদের অবস্থা গুরুতর এবং বিশেষ চিকিৎসার প্রয়োজন।

LENS ASIA